

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
এনজিও বিষয়ক ব্যুরো  
প্রধানমন্ত্রীর কার্যালয়  
১৩, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি  
মৎস্য ভবন (১০ম তলা), রমনা, ঢাকা।


নং-০৩.০৯.০০০০.৬৬১.৫৫.০১৭.২০১৩-৫১৫

তারিখঃ ২৬/১১/২০১৪ খ্রিঃ।

বিষয় : কর্মক্ষেত্র ধূমপানমুক্ত রাখা প্রসংগে।

বাংলাদেশে কর্মরত এনজিওসমূহ দেশের অর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের পাশাপাশি বাংলাদেশ সরকারের “ধূমপানমুক্ত ও তামাক জাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ আইন), ২০০৫” অনুযায়ী গৃহীত ধূমপান বিরোধী কার্যক্রম পরিচালনা করছে। বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থা “ঢাকা আহছানিয়া মিশন” এবং এনজিও বিষয়ক ব্যুরোর সমন্বিত পদক্ষেপে এনজিও বিষয়ক ব্যুরোকে ধূমপানমুক্ত অফিস হিসেবে ঘোষণা করা হয়েছে এবং উপর্যুক্ত আইনের যথাযথ বাস্তবায়নে যথাযুক্ত পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। উল্লেখ্য যে, “ঢাকা আহছানিয়া মিশন” ঢাকা সিটি কর্পোরেশন-এ ধূমপান বিরোধী কার্যক্রম পরিচালনা করছে। বাংলাদেশ সরকারের ধূমপান বিরোধী কার্যক্রমকে সমগ্র বাংলাদেশে বাস্তবায়নের জন্য বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থাসমূহকে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন।

এমতাবস্থায় উক্ত আইনের কার্যকর ও দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে আপনার সংস্থার প্রধান অফিস ও অন্যান্য শাখা অফিসকে ধূমপানমুক্ত ঘোষণা করার কার্যকরী উদ্যোগ গ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। সেই সংগে বিষয়টি নিয়ে বেনিফিশিয়ারীদেরকে সচেতনতামূলক কর্মসূচী গ্রহণের বিষয়ে গুরুত্ব আরোপ করার জন্যও অনুরোধ করা হলো।

  
২৬/১১/১৪  
(কে, এম আব্দুস সালাম)  
পরিচালক(যুগ্ম সচিব)  
ফোন : ৯৫৬২৮৪৫

নির্বাহী পরিচালক/প্রধান নির্বাহী  
এনজিও বিষয়ক ব্যুরোর নিবন্ধিত এনজিওসমূহ।